## দৈনিক বর্তমান



# ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানের প্রথমবার্ষিকী উপলক্ষে ঢাবি'র বিভিন্ন হলে কর্মসূচি

ঢাবি প্রতিনিধি

ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানের প্রথমবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হলে ১৭ জুলাই ২০২৫ বৃহস্পতিবার নানা কর্মসূচি পালন করা হয়েছে। এ উপলক্ষ্যে শহীদ সার্জেন্ট জহুরুল হক হল এবং কবি জসীম উদ্দীন হলে আয়োজিত অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবেউপস্থিত ছিলেন। এছাড়া, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলে আয়োজিত অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান শহীদ সার্জেন্ট জহুরুল হক হলে 'জুলাই স্মৃতি স্তম্ভ'-এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন। এছাড়া, হলের সংস্কারকৃত টিভি রুম, রিডিং রুম, মসজিদ, মেডিসিন কর্নার এবং ক্যান্টিনসহ বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের উদ্বোধন করেন। এর আগে উপাচার্য হলে আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি এবং আলোকচিত্র প্রদর্শনী ঘুরে দেখেন। অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ফারুক শাহ এবং হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান জুলাই যোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, যে প্রজন্ম সরাসরি মাঠে নেমে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করেছে এবং রক্ত দিয়েছে, তাঁদের নিয়ে যে কোন আয়োজন গর্বের ও আনন্দের বিষয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এধরনের আয়োজন সকলের জন্য উন্মুক্ত। জুলাই গণ-অভ্যুত্থান পরবর্তী নতুন বাংলাদেশে সমাজের সকলকে নিয়ে আমরা চলতে চাই। আমরা শিক্ষা ও গবেষণার উন্নয়নে শিক্ষক, শিক্ষার্থী, অ্যালামনাই, সমাজের বিত্তবান ব্যক্তি এবং সরকারি-বেসরকারি সকল প্রতিষ্ঠানের সহযোগিতা চাই। তিনি বলেন, জুলাই অভ্যুত্থানে শিক্ষার্থীরা দেশের নতুন ইতিহাস রচনা করেছে, ভালো উদাহরণ তৈরি করেছে। আমরা চাই এই ধারা অব্যাহত থাকুক। প্রশাসন ও শিক্ষকদের প্রতিপক্ষ হিসেবে আমরা শিক্ষার্থীদের দেখতে চাইনা। শিক্ষার্থীরা প্রশাসনের সঙ্গে হাতে হাত মিলিয়ে আরও ভালো উদাহরণ তৈরি করবেবলে তিনি প্রত্যাশা করেন। জুলাই গণ-অভ্যুত্থানের প্রথমবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কবি জসীম উদ্দীন হল অডিটোরিয়ামে এক বিশেষ স্মৃতিচারণ, ব্যক্তিগত অভিজ্ঞতা বিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ শাহীন খান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান হলে জুলাই কর্ণার, সংস্কারকৃত দক্ষিণ ভবন, হল মসজিদের শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা সংযোজন কার্যক্রম এবং প্রাধ্যক্ষ কার্যালয়ের আধুনিকীকায়নসহ বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের উদ্বোধন করেন। এছাড়া, হলে জুলাই গণ-অভ্যুত্থানের প্রথমবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ছাত্র-শিক্ষক বিতর্ক, বিনামূল্যে ব্লাড গ্রুপিং কর্মসূচি এবং স্পট কুইজ আয়োজন করা হয়। এছাড়া, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলে 'স্মৃতিতে স্মরণে রক্তিম জুলাই' শীর্ষক আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবেবক্তব্য রাখেন। এসময় হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নাজমুল হোসাইন এবং হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

The New Nation

JULY UPRISING

# DU halls organises various prog

City Desk

Dhaka University's various residential halls organised various programmes on Friday, on the occasion of the first anniversary of the historic July uprising anniversary.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan was present as the chief guest at the programme organised at Shaheed Sergeant Zahurul Haque Hall and Kabi Jasim Uddin Hall, reports BSS.

Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury spoke as the chief guest at the program organised at Muktijoddha Ziaur Rahman Hall.

Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan laid the foundation stone of the 'July Memorial Pillar' at Shaheed Sergeant Zahurul Haque Hall.

He inaugurated various development activities, including the renovated TV room, reading room, mosque, medicine corner and canteen of the hall.

Earlier, the Vice-Chancellor visited the voluntary blood donation programme and photography exhibition organized in the hall.

Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury, Proctor Associate Professor Saifuddin Ahmed, Hall Provost Professor Dr. Md. Faruk Shah and the resident teachers and students of the hall were present at the program.

Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan also paid tribute to the July fighters and said that any arrangement with the generation who directly protested against injustice and donated blood is a matter of pride and joy.

# দৈনিক নয়া দিগন্ত



## ঢাবিতে জুলাই গণ-অভ্যুত্থানের বার্ষিকী উদযাপন

জুলাই গণ-অভ্যুত্থানের প্রথমবার্ষিকী উদযাপন উপলক্ষে গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শেখ মুজিবুর রহমান হলে 'জুলাই গণ-অভ্যুত্থান ও শহীদ স্মরণে' শীর্ষক আলোচনা সভা ও স্মৃতিচারণমূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এ সময় হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান এবং হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।

## সময়ের আলো




ত্রিপুরা কিশোরীকে ধর্ষণ ও কারাগারে ভান লাল বমের মৃত্যুর প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বিক্ষোভ মিছিল বের করে বিভিন্ন সংগঠন

● সময়ের আলো

## দেশ রুপান্তর



খাগড়াছড়িতে এক ত্রিপুরা শিক্ষার্থীকে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনায় জড়িতদের বিচার দাবিতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে পাহাড়ি ছাত্র পরিষদ

দেশ রূপান্তর